Health and Morbidity Status Survey

HMSS 2025



BANGLADESH BUREAU OF STATISTICS
STATISTICS AND INFORMATICS DIVISION, MINISTRY OF PLANNING

হেলথ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে ২০২৫

HEALTH AND MORBIDITY STATUS SURVEY (HMSS) 2025

অগ্রহায়ণ ১৪৩২
November 2025

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

BANGLADESH BUREAU OF STATISTICS
STATISTICS AND INFORMATICS DIVISION
MINISTRY OF PLANNING

হেলথ অ্যান্ড মর্বিডিটি স্ট্যাটাস সার্ভে ২০২৫

HEALTH AND MORBIDITY STATUS SURVEY (HMSS) 2025

Published by:
Bangladesh Bureau of Statistics (BBS)

Cover and Inner Design:
Chitta Ronjon Ghosh, RDP, BBS

Printing:
Improving Demographic and Health Statistics of Bangladesh Project, BBS

For further information on the survey, please Contact
Project Director
Improving Demographic and Health Statistics of Bangladesh
Demography and Health Wing
Bangladesh Bureau of Statistics (BBS)
Statistics and Informatics Division (SID)
Ministry of Planning
Parishankhyan Bhaban
E-27/A, Agargaon, Dhaka-1207
www.bbs.gov.bd

COMPLIMENTARY COPY

ISBN:

This book or any portion thereof cannot be copied, microfilmed or reproduced for any commercial purpose. Data therein can, however, be used and published with acknowledgement of the sources.

ACRONYMS

ANC	:	Antenatal Care
ARI	:	Acute Respiratory Infection
BBS	:	Bangladesh Bureau of Statistics
BDHS	:	Bangladesh Demographic and Health Survey
CAPI	:	Computer Assisted Personal Interviewing
CC	:	Community Clinic
CD	:	Communicable Diseases
CDC	:	Communicable Disease Control
CSPro	:	Census and Survey Processing System
DGHS	:	Director General of Health Services
DH	:	District Hospital
EA	:	Enumeration Area
EPI	:	Expanded Programme on Immunization
ESP	:	Essential Service Package
FCT	:	Field Check Table
FUO	:	Fever with Unknown Origin
FYP	:	Five Year Plan
GAD	:	Generalized Anxiety Disorder
GOB	:	Government of Bangladesh
HDS	:	Health and Demographic Survey
HH	:	Household
HIV	:	Human Immunodeficiency Virus
HMSS	:	Health and Morbidity Status Survey
HNPSP	:	Health, Nutrition and Population Sector Program
HPN	:	Health, Population and Nutrition
HPNSDP	:	Health, Population and Nutrition Sector Development Program
HPSP	:	Health and Population Sector Program
HSD	:	Health Service Division
ICDDRB	:	International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh
MCH	:	Medical College Hospital
MDG	:	Millennium Development Goals
MOH&FW	:	Ministry of Health and Family Welfare
NCD	:	Non-Communicable Diseases
NGO	:	Non-Government Organization
NIPORT	:	National Institute of Population Research & Training
NIPSOM	:	National Institute of Preventive and Social Medicine
NSO	:	National Statistical Office
PNC	:	Post Natal Care
PPE	:	Pre-Primary Education
PPNB	:	Proposal of Program from Non-development Budget
PSU	:	Primary Sampling Unit
SDGs	:	Sustainable Development Goals
SID	:	Statistics and Informatics Division
SVRS	:	Sample Vital Registration System
SWAp	:	Sector-wide Approach
TB	:	Tuberculosis
TC	:	Technical Committee
TT	:	Tetanus Toxoid
UN	:	United Nations
WHO	:	World Health Organization

TABLE OF CONTENTS

মুখবন্ধ.....xvii

কৃতজ্ঞতা ও অভিবাদন.....xix

নির্বাহী সারসংক্ষেপ.....xxvii

অধ্যায় ০১: প্রারম্ভিকা.....১

১.১ পটভূমি.....৩

১.২ যৌক্তিকতা.....৪

১.৩ উদ্দেশ্য.....৬

১.৪ রিপোর্টের গঠন.....৭

১.৫ প্রাতিষ্ঠানিক প্রেক্ষাপট.....৭

১.৬ জরিপের তাৎপর্য ও ব্যবহার.....৭

অধ্যায় ০২: জরিপ পদ্ধতি.....৯

২.১ স্যাম্পল ডিজাইন.....১১

২.২ নমুনা আকার নির্ধারণ ও খানা নির্বাচন.....১১

২.৩ লিস্টিং অপারেশন পরিচালনা এবং খানা নির্বাচন.....১৩

২.৪ জরিপের আকার ও আওতা.....১৪

২.৫ জরিপের সময়সীমা.....১৪

২.৬ তথ্য সংগ্রহ পদ্ধতি.....১৪

২.৭ জরিপের প্রশ্নপত্র.....১৫

২.৮ প্রিটেস্ট কার্যক্রম.....১৫

২.৯ প্রশিক্ষণ.....১৬

২.১০ মাঠ পর্যায়ের কার্যক্রম.....১৭

২.১১ মাঠ পর্যায়ে মান নিয়ন্ত্রণ ও গুণগত নিশ্চয়তার ব্যবস্থা.....১৭

২.১২ তথ্য ব্যবস্থাপনা, ডাটা এডিটিং এবং ডাটা প্রক্রিয়াকরণ...১৮

২.১৩ রোগ নির্ণয় সংক্রান্ত ব্যাখ্যা.....১৮

২.১৪ স্যাম্পল ওয়েট ক্যালকুলেশন.....১৯

২.১৫ সীমাবদ্ধতা.....২১

অধ্যায় ০৩: খানা এবং জনসংখ্যার বৈশিষ্ট্য.....২৩

৩.১ বিভাগ ও বাসস্থানের ধরন অনুযায়ী জনসংখ্যার বিন্যাস ও খানার গড় আকার.....২৬

Preface.....xviii

Acknowledgement.....xx

Executive Summary.....xxvii

Chapter 01: Introduction.....1

1.1 Background.....3

1.2 Rationale.....4

1.3 Objectives.....6

1.4 Structure of the Report.....7

1.5 Institutional Context.....7

1.6 Significance and Use of the Survey.....7

Chapter 02: Survey Methodology.....9

2.1 Sample Design.....11

2.2 Sample Size Calculation and Allocation.....11

2.3 Listing Operation and Selection of Household.....13

2.4 Scope and Coverage.....14

2.5 Survey Timeline.....14

2.6 Methods of Data Collection.....14

2.7 Questionnaire.....15

2.8 Pretest Activity.....15

2.9 Training.....16

2.10 Field Work.....17

2.11 Field Quality Control and Quality Assurance Measures.....17

2.12 Data Management, Editing and Analysis.....18

2.13 Explanation of Disease Identification.....18

2.14 Calculation of Sample Weights.....19

2.15 Limitations.....21

Chapter 03: Household and Population Characteristics.....23

3.1 Distribution of population & average size of household by division and residence.....26

৩.২ খানাপ্রধানের লিঙ্গভিত্তিক বিন্যাস.....২৭

৩.৩ বয়সভিত্তিক শ্রেণি, লিঙ্গ এবং লিঙ্গ অনুপাত অনুযায়ী জনসংখ্যার শতকরা বিন্যাস.....২৮

৩.৪ বসবাসের এলাকা অনুযায়ী জনসংখ্যার বৈবাহিক অবস্থার শতকরা বিন্যাস.....২৯

৩.৫ বসবাসের এলাকা এবং শিক্ষার স্তর অনুযায়ী ৩ বছর বা তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার বিন্যাস.....৩০

৩.৬ বসবাসের এলাকা এবং লিঙ্গ অনুযায়ী ১০ বছর বা তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার পেশাগত অবস্থার শতকরা বিন্যাস.....৩১

৩.৭ বসবাসের এলাকা অনুযায়ী উল্লেখযোগ্য কিছু খানার বৈশিষ্ট্যের শতকরা বিন্যাস.....৩৫

৩.৮ খানা হতে বিভিন্ন স্বাস্থ্যসেবা কেন্দ্রের দূরত্বের শতকরা বিন্যাস.....৩৬

অধ্যায় ০৪: রোগব্যাধি.....৩৭

৪.১ বাসস্থান অনুযায়ী রোগের প্রাদুর্ভাব.....৪৩

৪.২ বয়স শ্রেণির ভিত্তিতে জনসংখ্যায় রোগের প্রাদুর্ভাব.....৪৭

৪.৩ রোগ, লিঙ্গ এবং বাসস্থান অনুযায়ী রোগের প্রাদুর্ভাব.....৫৪

৪.৪ ওয়েলথ কুইন্টাইল অনুযায়ী রোগের প্রাদুর্ভাব.....৬০

৪.৫ উপসর্গ অনুসারে রোগের প্রাদুর্ভাব.....৬৩

৪.৬ সংক্রামক এবং অসংক্রামক রোগের প্রাদুর্ভাব.....৭০

৪.৭ খাবার পানির উৎস ও স্যানিটেশনের ধরন এবং হাত ধোয়ার সুবিধার ভিত্তিতে ডায়রিয়া ও আমাশয় রোগের প্রাদুর্ভাব.....৭২

৪.৮ নবজাতকের রোগের প্রাদুর্ভাব.....৭৬

৪.৯ ১-৪ বছর বয়সী শিশুদের রোগের প্রাদুর্ভাব.....৭৮

৪.১০ ৫ বছরের কম বয়সী শিশুদের রোগের প্রাদুর্ভাব.....৮০

৪.১১ কিশোর-কিশোরীদের রোগের প্রাদুর্ভাব.....৮২

৪.১২ প্রজননক্ষম নারীদের রোগের প্রাদুর্ভাব.....৮৪

৪.১৩ কর্মক্ষম জনগোষ্ঠীর মধ্যে রোগের প্রাদুর্ভাব.....৮৬

3.2 Sex Composition of household heads by division and residence.....27

3.3 Percentage distribution of population by age group, sex and sex ratio.....28

3.4 Percentage distribution of marital status of population by Residence.....29

3.5 Percentage distribution ofeducational status of people age 3 years and above by educational status and locality.....30

3.6 Percentage distribution of occupation of population 10 years and above by sex and locality.....31

3.7: Percentage distribution of selected household characteristics by locality.....35

3.8: Percentage distribution of household reported distance in kilometers from household to health facility.....36

Chapter 04: Morbidity.....37

4.1 Prevalence of morbidity among Residence.....43

4.2 Prevalence of morbidity by different age group...47

4.3 Prevalence of morbidity by diseases, Sex and residence.....54

4.4 Prevalence of Morbidity According to Wealth Quantiles.....60

4.5 Morbidity Prevalence by Symptoms.....63

4.6 Prevalence of morbidity of CDs and NCDs.....70

4.7 Prevalence of Diarrhoea & Dysentery based on drinking water facility, toilet facility and hand washing facility.....72

4.8 Infant Morbidity.....76

4.9 Morbidity among children aged 1–4 Years.....78

4.10 Morbidity among children age less than 5 years.....80

4.11 Morbidity among adolescent.....82

4.12 Morbidity among reproductive ages women..84

4.13 Prevalence of morbidity among working age group population.....86

৪.১৪ প্রবীণ জনগোষ্ঠীর মধ্যে রোগের প্রাদুর্ভাব.....৮৮
৪.১৫ প্রাণীর কামড়ের প্রাদুর্ভাব.....৯০
৪.১৬ দুর্ঘটনাজনিত অসুস্থতা.....৯২
৪.১৭ মানসিক স্বাস্থ্য অবস্থা.....৯৪
৪.১৮ এসডিজি ইন্ডিকেটর.....৯৮
অধ্যায় ০৫: চিকিৎসা গ্রহণ, মেডিকেল/রুটিন চেকআপ এবং চিকিৎসা ব্যয়.....১০৭
৫.১ চিকিৎসা বিষয়ক অবস্থা.....১১০
৫.২ চিকিৎসা/রুটিন চেকআপের অবস্থা.....১২৯
অধ্যায় ০৬: প্রজনন অবস্থা, প্রসব পরিচর্যা এবং মাতৃত্বকালীন স্বাস্থ্য ব্যয়.....১৩৯
৬.১ বর্তমানে গর্ভবতী ১৫-৪৯ বছর বয়সী নারী.....১৪১
৬.২ ১৫-৪৯ বছর বয়সী বিবাহিত নারীদের মধ্যে যারা গত ১২ মাসে সন্তান জন্ম দিয়েছেন.....১৪২
৬.৩ প্রসবের ধরন.....১৪২
৬.৪ প্রসবে সহায়তা.....১৪৩
৬.৫ প্রসবের স্থান.....১৪৫
৬.৬ গর্ভকালীন (ANC), প্রসবকালীন ও প্রসব পরবর্তী (PNC) সেবার গড় ব্যয়.....১৪৬
৬.৭ গত ১২ মাসে বাসস্থানের ভিত্তিতে স্বাভাবিক ও সিজারিয়ান প্রসবের গড় ব্যয়.....১৪৮
অধ্যায় ০৭: তামাক ও মাদকদ্রব্য সেবন প্রবণতা..১৪৩
৭.১.১ ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সীদের বাসস্থান (পল্লি/শহর), বিভাগ ও লিঙ্গভিত্তিক তামাক ও তামাকজাত পণ্য ব্যবহারকারীদের সংখ্যা.....১৫১
৭.১.২ ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মাদকদ্রব্য ব্যবহারকারীদের বসবাসের স্থান (পল্লি/শহর), বিভাগ ও লিঙ্গভেদে বিন্যাস.....১৫২
৭.২.১ বয়সভিত্তিক শ্রেণি ও লিঙ্গ অনুযায়ী ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী তামাক ও তামাকজাত পণ্য ব্যবহারকারীদের শতকরা বিন্যাস.....১৫৩

4.14 Prevalence of morbidity among elderly population.....88
4.15 Prevalence of Animal bites.....90
4.16 Accidental illness.....92
4.17 Mental Health Status.....94
4.18 SDG Indicator.....98
Chapter 05: Treatment Status, Medical/ Routine Checkup and Expenditure.....107
5.1 Treatment status.....110
5.2 Treatment status of medical/routine checkup.....129
Chapter 06: Fertility Status, Delivery Care and Maternal Health Expenditure...139
6.1 Currently pregnant women aged 15-49 years..141
6.2 Married women aged 15-49 years reported give birth to a child in the last 12 months.....142
6.3 Types of delivery.....142
6.4 Assistance during delivery.....143
6.5 Places of delivery.....145
6.6 Average expenditure for ANC, PNC and delivery care.....146
6.7 Average expenditure for Caesarian and normal delivery by residence during last 12 months.....148
Chapter 07: Tobacco and Narcotics Consumption Pattern.....143
7.1.1 Tobacco and tobacco products user of age 15 years and above by locality/division and sex.....151
7.1.2 Percentage distribution of narcotics users of age 15 years and above by locality/division and sex.....152
7.2.1 Percentage distribution of tobacco and tobacco products users of age 15 years and above by age groups and sex.....153

৭.২.২ ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী মাদকদ্রব্য ব্যবহারকারীদের বয়সভিত্তিক শ্রেণি ও লিঙ্গভেদে বিন্যাস.....১৫৪

৭.৩ ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী তামাক ও মাদকদ্রব্য ব্যবহারকারীদের মাদক/তামাক এবং লিঙ্গভেদে শতকরা বিন্যাস.....১৫৫

৭.৪ ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী ধূমপায়ীদের মধ্যে ধূমপান শুরুর বয়সের ভিত্তিতে বয়সভিত্তিক শ্রেণিবিন্যাস.....১৫৬

৭.৫ বয়সশ্রেণি ও লিঙ্গভেদে তামাক ও তামাকজাত পণ্য ব্যবহারকারীদের তামাক সেবন.....১৫৭

৭.৬ বয়সশ্রেণি ও লিঙ্গ অনুযায়ী মাদকদ্রব্যের ব্যবহার শুরুর বয়সের বিন্যাস.....১৫৮

৭.৭ চিকিৎসা গ্রহণের অবস্থার ধরন অনুযায়ী মাদকদ্রব্য ব্যবহারকারীদের শতকরা বিন্যাস.....১৫৯

৭.৮ বসবাসের স্থানভেদে (পল্লি/শহর) মাদকাসক্তি চিকিৎসার গড় ব্যয়.....১৬০

৭.৯ বসবাসের স্থানভেদে ধূমপান, তামাক/তামাকজাত পণ্য ও মাদকদ্রব্যের গড় মাসিক ব্যয়.....১৬০

অধ্যায় ০৮: শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা...১৬৩

৮.১ শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের বসবাসের স্থান (শহর/পল্লি) ও বিভাগভিত্তিক প্রাদুর্ভাবের বিন্যাস.....১৬৫

৮.২ শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের লিঙ্গ ও বিভাগভিত্তিক প্রাদুর্ভাবের বিন্যাস.....১৬৬

৮.৩ শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের লিঙ্গ, আবাসস্থল (শহর/পল্লি) অনুযায়ী প্রাদুর্ভাবের বিন্যাস.....১৬৭

৮.৪ ১৮ বছর ও তদূর্ধ্ব বয়সী শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের আবাসস্থল (শহর/পল্লি) অনুযায়ী প্রাদুর্ভাব.....১৬৯

৮.৫ ১৮ বছর ও তদূর্ধ্ব বয়সীদের মধ্যে বিভাগ ও লিঙ্গভিত্তিক শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতার প্রাদুর্ভাব.....১৭০

৮.৬ লিঙ্গ, বাসস্থান এবং বিভাগ অনুসারে ১৮ বছর বা তার বেশি বয়সী শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি.....১৭১

7.2.2 Percentage distribution of intoxicating products users of age 15 years and above by age groups and sex.....154

7.3 Percentage distribution of tobacco and narcotics user (15+years) by sex and narcotics/tobacco.....155

7.4 Smokers of age 05 years and above by age of smoking initiation.....156

7.5 Tobacco and tobacco product user by age at tobacco initiation and sex.....157

7.6 Narcotics using initiation by age and sex.....158

7.7 Narcotics user by type of treatment status.....159

7.8 Avgerage Narcotics treatment expenditure by locality.....160

7.9 Avgerage monthly expenditure for smoking, tobacco/ tobacco products and narcotics by locality.....160

Chapter 08: Physical and Mental Impairment Status 163

8.1 Prevalence of physically or mentally impaired persons by residence and division.....165

8.2 Prevalence of physically or mentally impaired persons by sex and division.....166

8.3 Prevalence of physically or mentally impaired persons by sex, residence.....167

8.4 Prevalence of physically or mentally impaired persons of age 18 years and above by residence.....169

8.5 Prevalence of physically or mentally impaired persons of age 18 years and above by sex and division.....170

8.6 Physically or mentally impaired persons of age 18 years and above by sex, residence and division..171

৮.৭ বাসস্থান এবং বিভাগ অনুসারে ১৮ বছরের কম বয়সী প্রতি ১০০ জনে শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি.....১৭২

৮.৮ লিঙ্গ এবং বিভাগের ভিত্তিতে ১৮ বছরের কম বয়সী প্রতি ১০০ জনে শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি.....১৭৩

৮.৯ লিঙ্গ, বাসস্থান এবং বিভাগ অনুসারে ১৮ বছরের কম বয়সী প্রতি ১০০ জনে শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা.....১৭৪

৮.১০ বয়স এবং লিঙ্গ অনুসারে শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী/সমস্যাগ্রস্ত ব্যক্তিদের শতকরা বণ্টন.....১৭৫

৮.১১ লিঙ্গ এবং বাসস্থানের কারণে শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধীদের শতাংশ.....১৭৬

৮.১২ গত ৯০ দিনে স্থানীয়ভাবে চিকিৎসা গ্রহণকারীদের গড় ব্যয়....১৭৭

8.7 Physically or mentally impaired persons per 100 population of age below 18 years by residence and division.....172

8.8 Physically or mentally impaired persons per 100 population of age below 18 years by sex and division.....173

8.9 Prevalence of physically or mentally impaired persons per 100 population of age below 18 years by sex, residence and division.....174

8.10 Percentage distribution of persons with physically or mentally impaired/problems by age groups and sex.....175

8.11 Percentages of physically or mentally impaired by sex and residence.....176

8.12 Average expenditure of treatment recipients in last 90 days by residence 177

ANNEXURE.....179

Annex I: Concepts and Definitions.....181

Annex II: Additional Table.....183

Annex III: Questionnaire.....210

Annex IV: Committees and Teams.....241

REFERENCES.....247

LIST OF TABLES

Table 3.1:	Distribution of population & average size of household by division and residence	25
Table 3.2:	Percentage distribution of population by age group, sex and sex ratio	27
Table 3.3:	Percentage distribution of population by age group, sex and residence	28
Table 3.4:	Percentage distribution of marital status of population by Residence.	29
Table 3.5:	Percentage distribution of educational status of people age 3 years and above by Residence	30
Table 3.6:	Percentage distribution of occupation of population aged 10 years and above by sex and residence.	31
Table 3.7:	Percentage distribution of selected household characteristics by Residence	32
Table 3.8:	Percentage distribution of household reported distance in kilometers from household to healthcare facility	35
Table 4.1.1:	Prevalence of morbidity per 1000 population by residence during the last 90 days prior to the survey	43
Table 4.1.2:	Prevalence of morbidity per 1000 population and Proportion by residence and sex during the last 90 days prior to the survey	44
Table 4.2.1:	Prevalence of morbidity per 1000 population and Proportion by age group and Residence during the last 90 days prior to the survey	47
Table 4.2.2:	Prevalence of morbidity per 1000 population and proportion by age groups and sex during the last 90 days of the survey	48
Table 4.2.3:	Prevalence of morbidity per 1000 population and Proportion by selected diseases and broad age group during the last 90 days prior to the survey	51
Table 4.3.1:	Prevalence of morbidity per 1000 population and proportion by diseases and residence during the last 90 days prior to the survey	54
Table 4.3.2:	Prevalence of morbidity Per 1000 Population and Proportion by top 20 diseases, Sex and residence during the last 90 days prior to the survey	54
Table 4.4.1:	Prevalence of morbidity per 1000 population by wealth quintile, Sex and Residence during the last 90 days preceding the survey	60
Table 4.4.2:	Prevalence of morbidity per 1000 population by wealth quintile and Residence in the last 90 days prior to the survey	61
Table 4.5.1:	Prevalence of morbidity per 1000 population by symptoms and residence during the last 90 days prior to the survey	63
Table 4.5.2:	Prevalence of morbidity due to symptoms per 1000 population by age group sex and residence	64
Table 4.5.3:	Prevalence of morbidity per 1000 population by symptoms, Sex and residence during the last 90 days of the Survey	66
Table 4.5.4:	Prevalence of morbidity per 1000 population and Proportion by symptom and broad age group during the last 90 days prior to the survey	68

Table 4.6.1: Prevalence of morbidity of top 10 Communicable and Non-Communicable diseases by sex and residence per 1000 population during the last 90 days prior to the survey 70

Table 4.7.1: Prevalence of diarrhoea & dysentery per 1000 population by drinking water facility & toilet facility 72

Table 4.7.2: Prevalence of diarrhoea & dysentery per 1000 population by drinking water & hand washing facility after using toilet 73

Table 4.7.3: Prevalence of diarrhoea & dysentery per 1000 population by drinking water & Hands washing with soap and water except using toilet 74

Table 4.8: Prevalence of Infant (<1 year) morbidity from the selected diseases and proportion during the last 90 days prior to the survey 86

Table 4.9: Prevalence of children (1-4 year) morbidity from the selected diseases and proportion during last 90 days prior to the Survey 78

Table 4.10: Prevalence of child (<5 year) morbidity from the selected diseases and proportion during the last 90 days prior to the survey 80

Table 4.11: Prevalence of adolescent (10-19 year) morbidity from the selected diseases and proportion during the last 90 days prior to the survey 82

Table 4.12: Prevalence of morbidity per 1000 of women age 15-49 years and proportion during the last 90 days prior to the survey 84

Table 4.13: Prevalence of morbidity per 1000 population of age 15-64 years and proportion during the Last 90 days prior to the Survey 86

Table 4.14: Prevalence of morbidity per 1000 population of age 65s years and above and proportion by sex 88

Table 4.15: Prevalence of animal bites per 1000 population during the last 90 days prior to the survey by sex and residence 90

Table 4.16: Prevalence of accidental illness per 1000 population by sex and residence during the last 90 days prior to the Survey 92

Table 4.17.1: Percentage distribution of mental health status of population aged 18 years and above by type of anxiety and residence 94

Table: 4.17.2: Percentage distribution of mental health status of population aged 18 years and above by type of anxiety and age group 96

Table 4.18.1: Incidence of Hepatitis B, Tuberculosis per 100000 population and malaria per 1000 population by sex during the last 90 days prior to the Survey. [SDG Indicator: 3.3.2, 3.3.3, 3.3.4] 98

Table 4.18.2: Incidence of Hepatitis B, Tuberculosis per 100000 population and malaria per 1000 population by sex and residence during the last 90 days prior to the Survey 98

Table 5.1.1: Percentage distribution of sick persons received treatment by age groups, sex and residence 110

Table 5.1.2:	Percentage distribution of sick persons received treatment in rural area by age groups	111
Table 5.1.3:	Percentage distribution of sick persons received treatment in urban area by age groups	112
Table 5.2:	Percentage distribution of treatment recipients by symptom, disease and treatment provider during the last 90 days prior to the survey	113
Table 5.3:	Percentage distribution of treatment recipient's response (multiple) by type of treatment provider and sex	116
Table 5.4.1:	Percentage Distribution of Treatment Recipient's Response (multiple) by Type of Medical Institution During Last 90 Days	118
Table 5.4.2:	Percentage Distribution of Treatment Recipient's Response (multiple) on Medical Institution by Wealth Quintile and Sex	119
Table 5.5:	Percentage distribution of treatment recipient's response (multiple) on type of treatment	120
Table 5.6:	Percentage distribution of treatment recipient's response (multiple) on source of collected Medicine by sex during	121
Table 5.7:	Average treatment expenditure (BDT) of treatment recipient by type of expenditure	122
Table 5.8:	Percentage of the morbid persons got admitted in the hospital by residence and sex	123
Table 5.9:	Average days staying in hospital due to illness by residence and sex	124
Table 5.10.1:	Percentage of treatment recipient's response (multiple) for meeting medical expenses by locality	125
Table 5.10.2:	Percentage of treatment recipient's response (multiple) for meeting medical expenses by sex	126
Table 5.11.1:	Source of medical expenses received by residence	127
Table 5.11.2:	Source of medical expenses received by sex	128
Table 5.12.1:	Percentage distribution of medical/routine checkup persons by residence and sex	129
Table 5.13.1:	Percentage distribution of routine checkup who have consulted a doctor by sex	130
Table 5.13.2:	Percentage distribution of medical/routine checkup of persons showing checkup report to doctor by sex	131
Table 5.14.1:	Proportion of Medical/routine checkup response on symptom/diseases by sex during the last 90 days prior to the survey	131
Table 5.15.1:	Average expenditure for medical routine checkup per persons during the last 90 days prior to the survey	133
Table 5.16.1:	Percentage of medical checkup recipient's response (multiple) for Meeting checkup expenses by sex	135
Table 5.17.1:	Source of medical checkup expenditure received in last 90 days prior to the survey by residence	136

Table 5.17.2:	Source of medical checkup expenses received in last 90 days prior to the survey by sex	137
Table 6.1:	Percentage distribution of pregnancy status of married women aged 15-49 years	141
Table 6.2:	Percentage of married women age 15-49 years reported giving birth to a child in the last 12 months	142
Table 6.3:	Percentage distribution of delivery types by place of residence during the last 12 months prior to the survey	142
Table 6.4.1:	Percentage distribution of birth attendants at the last delivery of women aged 15–49 years	143
Table 6.4.2:	Percentage distribution of birth attendants at last delivery by age groups of women (15–49 years)	144
Table 6.4.3:	Percentage distribution of mothers by birth attendant and asset quintile of the survey	144
Table 6.5:	Percentage distribution of place of delivery at the last birth among women aged 15–49 years	145
Table 6.6:	Average expenditure (In BDT) on maternal health care by residence during the 12 months preceding the survey	146
Table 6.7:	Average expenditure (In BDT) for Caesarean and normal deliveries by residence during the 12 months preceding the survey	147
Table 7.1.1:	Percentage distribution of tobacco and tobacco products user of age 15 years and above by locality/division and sex in the last 30 days prior to the survey	151
Table 7.1.2:	Percentage distribution of narcotics users of age 15 years and by Residence and sex	152
Table 7.2.1:	Percentage distribution of tobacco and tobacco products users of age 15 years and above by age groups and sex	153
Table 7.2.2:	Percentage distribution of intoxicating products users of age 15 years and above by age groups and sex	154
Table 7.3:	Percentage distribution of Tobacco and narcotics user (15+years) by sex	154
Table 7.4:	Percentage Distribution of Smoker of Age 05 Years and Above by Age of Smoking Initiation	156
Table 7.5:	Number and percentage distribution of tobacco and tobacco product user by age at tobacco initiation and sex	157
Table 7.6:	Number and percentage distribution of narcotics using initiation by age and sex	158
Table 7.7:	Percentage distribution of narcotics user by type of treatment status	159
Table 7.8:	Average Narcotics treatment expenditure by locality	160
Table 7.9:	Average Monthly expenditure for smoking, tobacco/ tobacco products and narcotics	160

Table 8.1:	Prevalence of physically or mentally impaired persons per 100 population by residence	165
Table 8.2:	Prevalence of physically or mentally impaired persons per 100 population by sex and division	166
Table 8.3:	Prevalence of physically or mentally impaired persons per 100 population by sex and residence	167
Table 8.4:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age 18 years and above by residence	168
Table 8.5:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age 18 years and above by sex and division	170
Table 8.6:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age 18 years and above by sex, residence	171
Table 8.7:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age below 18 years by residence and division	171
Table 8.8:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age below 18 years by sex and division	173
Table 8.9:	Prevalence of physically or mentally impaired persons per 100 population of age below 18 years by sex and residence	173
Table 8.10:	Percentage distribution of physically or mentally impaired persons by age groups and sex	174
Table 8.11:	Percentages of Physically or Mentally Impaired Persons by Sex and Residence	176
Table 8.12:	Average expenditure of treatment recipients in last 90 days by locality	177

LIST OF FIGURES

Figure 3.1:	Male and female headed household distribution	26
Figure 3.2:	Marital status of population aged 10 years and above	30
Figure 3.3:	Percentage distribution of Tenure ship of Dwelling Unit by residence	35
Figure 4.1.1	Prevalence of morbidity per 1000 population by Division	43
Figure 4.1.2	Prevalence of morbidity per 1000 population by Sex and Residence	46
Figure 4.2.1:	Prevalence of morbidity per 1000 population by age group and Residence	48
Figure 4.2.2:	Prevalence of morbidity per 1000 population by top 10 diseases and broad age group	53
Figure 4.3.1:	Prevalence of morbidity Per 1000 Population by top 10 diseases and residence	55
Figure 4.3.2:	Prevalence of morbidity Per 1000 Population by top 10 diseases and Sex	59
Figure 4.4:	Prevalence of morbidity per 1000 population by wealth quintile	60
Figure 4.5.1:	Prevalence of morbidity per 1000 population by symptoms and residence	64
Figure 4.5.2:	Prevalence of morbidity due to symptoms per 1000 population by age group and sex	65
Figure 4.8:	Prevalence of Infant (<1 year) morbidity from the selected diseases	77
Figure 4.9:	Prevalence of Child (1-4 year) Morbidity from the Selected Diseases	79
Figure 4.10:	Prevalence of child (<5 year) morbidity of top 10 Diseases	81
Figure 4.11:	Prevalence of adolescent (10-19 year) morbidity of top 5 diseases	83
Figure 4.12:	Prevalence of morbidity per 1000 of women age 15-49 years of top 5 diseases	85
Figure 4.13:	Prevalence of morbidity per 1000 population of age 15-64 years	87
Figure 4.14:	Prevalence of morbidity of top 10 diseases per 1000 population of age 65 years and above	89
Figure 4.15:	Prevalence of Animal Bites per 1000 Population	91
Figure 4.16:	Prevalence of accidental illness per 1000 population	93
Figure 4.18.1:	Incidence of Hepatitis B, Tuberculosis and Malaria per 100000 population	99
Figure 5.1:	Sick persons received treatment during the last 90 days prior to the survey	111
Figure 5.2	Treatment provider status during the last 90 days prior to the survey	117
Figure 5.3:	Treatment Recipients Response on Treatment Provider	119
Figure 5.4:	Type of Medicine Prescribed	121
Figure 5.5:	Collection of Medicine from Different Sources	122
Figure 5.6:	Morbid person got admitted in the hospital in the last 90 days prior to the survey	124

Figure 5.7:	Average days of Hospitalization due to illness	125
Figure 5.8:	Sources of Medical Expenses.	127
Figure 5.9:	Distribution of source of medical expenses by residence	128
Figure 5.10:	Percentage distribution of medical/routine checkup by residence and sex	129
Figure 5.11:	Percentage distribution of population consulted a Doctor for Routine Checkup	130
Figure 5.12:	Percentage of People Showed Check-Up Report to doctor	131
Figure 5.13:	Average expenditure (In Taka) for medical routine checkup per persons during the last 90 days prior to the survey	134
Figure 5.14:	Sources of Expenses for medical checkup	136
Figure 5.15:	Source of Medical Checkup Expenses Received by residence	137
Figure 6.1:	Pregnancy status of married women aged 15-49 years	141
Figure 6.2:	Average expenditure for Caesarean and normal delivery by residence	148
Figure 7.1.1:	Tobacco and tobacco products user of age 15 years and above in the last 30 days by locality and sex	151
Figure 7.1.2:	Narcotics users of age 15 years and above in the last 30 days by Locality and sex	152
Figure 7.2:	Tobacco and tobacco products users of age 15 years and above by age groups	153
Figure 7.3:	Percentage of Tobacco and Narcotics User	155
Figure 7.4:	Age of smoking initiation at different age group	156
Figure 7.5:	Percentage distribution of tobacco and tobacco product user by age at tobacco initiation	158
Figure 7.6:	Age at narcotics initiation	159
Figure 7.7:	Narcotics user by type of treatment status	160
Figure 7.8:	Avg. Monthly expenditure for smoking, tobacco/tobacco products and narcotics	161
Figure 8.1:	Physically or mentally impaired persons per 100 populations	166
Figure 8.2:	Physically or mentally impaired persons per 100 populations by residence	168
Figure 8.3:	Physically or mentally impaired persons per 100 population of age 18 years and above	169
Figure 8.4:	Physically or mentally impaired persons per 100 population of age below 18 years	172
Figure 8.5:	Percentage Distribution of Physically or Mentally Impaired Persons by Age Groups and Sex	175
Figure 8.6:	Percentage Distribution of Physical or Mental Impairment	177
Figure 8.7:	Average expenditure of treatment recipients in last 90 days	178

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

মুখবন্ধ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর পক্ষ থেকে হেলথ এন্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে, ২০২৫ (এইচএমএসএস)-এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। জাতীয় পর্যায়ের প্রতিনিধিত্বশীল এ জরিপটি অসংক্রামক রোগ, দীর্ঘস্থায়ী রোগ, মাতৃ ও শিশু স্বাস্থ্য, প্রজনন ক্ষমতা ও গর্ভধারনের প্রবণতা, পরিবার পরিকল্পনা পরিবেশগত স্বাস্থ্য, স্বাস্থ্যসেবার সুযোগ ও ব্যবহার এবং যৌনবাহিত অন্যান্য সংক্রমণসহ নানাবিধ গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ও জনসংখ্যা সংক্রান্ত সূচক সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

এ জরিপের মূল উদ্দেশ্য হলো জাতীয় ও আঞ্চলিক/স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য সংক্রান্ত নীতিনির্ধারণ, কৌশলগত পরিকল্পনা এবং কার্যক্রমের কার্যকর পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য নির্ভরযোগ্য ও সময়োপযোগী তথ্য সরবরাহ করা। বিশেষভাবে উল্লেখ্য, ২০২৫ সালের জরিপটি ট্যাব ভিত্তিক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) প্রযুক্তির মাধ্যমে সফলভাবে বাস্তবায়িত হয়েছে, যা আমাদের তথ্য সংগ্রহ পদ্ধতিকে আধুনিকায়নের দিকে একটি উল্লেখযোগ্য অগ্রগতি নির্দেশ করে। এই প্রতিবেদনে নতুনভাবে উদ্ভূত এবং জরুরি জনস্বাস্থ্য সমস্যাসমূহের প্রতি বিশেষ আলোকপাত করা হয়েছে, যেমন অসংক্রামক রোগের ক্রমবর্ধমান প্রাদুর্ভাব, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জ এবং স্বাস্থ্যহানিকর/অস্বাস্থ্যকর জীবনধারণের প্রবণতা। এ জরিপের অধিকাংশ সূচক ও তথ্যের আরো কার্যকর ব্যবহার উপযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভিন্ন খাত ও অংশীজনদের সম্মিলিত, অব্যাহত ও সমন্বিত প্রচেষ্টা থাকতে হবে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সচিব মহোদয়কে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই এজন্য যে, যাঁর অবিচল নির্দেশনা ও সহযোগিতা এই জরিপ কাজ সুচারুরূপে সম্পাদনের পথ সুগম করেছে। বিশেষ ধন্যবাদ জানাই প্রকল্প পরিচালক জনাব মোস্তাফা আশরাফুজ্জামান এবং জরিপকার্যে নিবেদিতপ্রাণ টিমের প্রতি যাদের অক্লান্ত পরিশ্রম এই জটিল কার্যক্রমকে একটি সফল পরিসমাপ্তি দিয়েছে।

আমি আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই মাঠ পর্যায়ের কর্মীদের প্রতি যাদের পেশাদারিত্ব ও নিষ্ঠা বহুবিদ চ্যালেঞ্জিং পরিস্থিতিতেও নির্ভুল তথ্য সংগ্রহে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। সর্বোপরি আমি হাজার হাজার উত্তরদাতাকে গভীরভাবে ধন্যবাদ জানাই, যারা তাদের মূল্যবান সময় ও তথ্য দিয়ে জরিপ কার্যক্রমে সহযোগিতা করেছেন; তাদের এই অংশগ্রহণই এই প্রতিবেদনের ভিত্তিস্বরূপ।

আমার আন্তরিকভাবে আশা করি যে, এই প্রতিবেদনটি নীতিনির্ধারক, গবেষক, কর্মসূচি ব্যবস্থাপক এবং উন্নয়ন সহযোগীদের জন্য স্বাস্থ্য কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ণে একটি গুরুত্বপূর্ণ সহায়ক উপকরণ হিসেবে ভূমিকা রাখবে।

ঢাকা
নভেম্বর ২০২৫

মোহাম্মদ মিজানুর রহমান

Director General
Bangladesh Bureau of Statistics

PREFACE

It is my pleasure that the Bangladesh Bureau of Statistics (BBS) presents the final report of the 2025 Health and Morbidity Status Survey (HMSS). This nationally representative survey provides critical insights into a wide range of health and demographic indicators, including Non-Communicable Diseases, Chronic Diseases, maternal and child health, fertility and reproductive preferences, family planning, Environmental Health, healthcare access and utilization, women's empowerment and other sexually transmitted infections.

The core objective of the HMSS is to deliver reliable and timely data to support evidence-based policymaking, strategic planning, and effective monitoring and evaluation of health-related programs at both national and sub-national levels. Importantly, the 2025 survey was successfully implemented using Computer-Assisted Personal Interviewing (CAPI) technology-an important step forward in modernizing our data collection methods. This report also draws attention to emerging and urgent public health issues, such as the growing prevalence of non-communicable diseases, mental health challenges, and unhealthy behavioral patterns. These pressing concerns demand collective, sustained, and coordinated responses across sectors and stakeholders.

I would like to express my sincere gratitude to the Secretary of the Statistics and Informatics Division for her continued guidance and support in enabling the successful implementation of the HMSS. Special thanks are also due to Mr. Mostafa Ashrafuzzaman, Project Director, and his dedicated team at BBS, whose unwavering efforts ensured the smooth execution of this complex undertaking.

My heartfelt appreciation goes to the field staff whose professionalism and dedication in collecting accurate data, often under challenging conditions, have been instrumental in this achievement. Most of all, I extend my deepest thanks to the thousands of respondents who generously shared their time and information-their participation is the foundation of this report.

I sincerely hope that this report serves as a vital tool for policymakers, researchers, program managers, and development partners in shaping effective health interventions.

Dhaka
November 2025

Mohammed Mizanur Rahman

প্রকল্প পরিচালক
বাংলাদেশের জনতাত্ত্বিক ও স্বাস্থ্য পরিসংখ্যান
উন্নতকরণ প্রকল্প, বিবিএস

কৃতজ্ঞতা ও অভিবাদন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক হেলথ এন্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে (এইচএমএসএস) ২০২৫ পরিচালিত হয়েছে দেশের হালনাগাদ জনমিতিক ও স্বাস্থ্যগত অবস্থা নিরূপন করার লক্ষ্যে। এ জরিপে মানুয়ের বিভিন্ন রোগ, চিকিৎসা ও স্বাস্থ্যব্যয়, শারীরিক ও মানসিক স্বাস্থ্য আচরণ, মাতৃ ও শিশুর স্বাস্থ্যসেবা, তামাক জাত দ্রব্যের ব্যবহার, প্রতিবন্ধিতা, দুর্ঘটনা/আঘাতজনিত অসুস্থতা সম্পর্কে বিস্তৃত তথ্য সংগ্রহ করা হয়েছে। জনসংখ্যা ও স্বাস্থ্য কর্মসূচিতে প্রমাণভিত্তিক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য নির্ভরযোগ্য ও সময়োপযোগী স্বাস্থ্য সংক্রান্ত তথ্য প্রস্তুত করা ছিল এ জরিপের মূল উদ্দেশ্য।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়কে এ দুরুহ কার্য সম্পাদনে তাঁর অবিচল সমর্থন ও মূল্যবান প্রশাসনিক নির্দেশনার জন্য আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই। এছাড়াও জরিপ প্রক্রিয়ায় সার্বিক সহযোগিতার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বিবিএস এর মহাপরিচালক মহোদয়কে তাঁর নেতৃত্ব ও সমর্থনের জন্য আন্তরিক ধন্যবাদ জানাই, যাঁর সুদৃষ্টিতে এই জরিপ বাস্তবায়ন এবং প্রতিবেদন প্রকাশ সম্ভব হয়েছে। এছাড়াও বিবিএস এর উপমহাপরিচালক, সকল পরিচালকবৃন্দ, কনসালট্যান্ট, স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং ওয়ার্কিং কমিটি'র সদস্যগণের পরামর্শ ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই।

জরিপের নমুনায়নে সার্বিক নির্দেশনার জন্য ড. সৈয়দ শাহাদাত হোসেন, অধ্যাপক, আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. দিপংকর রায়, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং কম্পিউটার উইং, বিবিএস এর পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ কে বিশেষ ধন্যবাদ জানাই। এছাড়াও জরিপ পরিকল্পনা ও বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং-এর পরিচালক জনাব মো. এমদাদুল হককে ধন্যবাদ জানাই।

বিবিএস এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভাগ/জেলা/উপজেলার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং CAPI সাপোর্ট টিমের আন্তরিক প্রচেষ্টা ও পেশাদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ। বিশেষভাবে ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং-এর কর্মকর্তা ও কর্মচারীদের কঠোর পরিশ্রমের স্বীকৃতি জানাই, যারা প্রতিকূল পরিস্থিতিতেও অক্লান্তভাবে কাজ করেছেন। ধন্যবাদ জানাই অত্র প্রকল্পের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ সাদেকুর রহমানকে- তাঁর অফুরন্ত পরিশ্রম ও চিন্তার ফসল এই রিপোর্ট।

আমি বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই মাঠ পর্যায়ের সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারীদের প্রতি, যাদের অক্লান্ত পরিশ্রমে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সর্বোপরি, সকল উত্তরদাতাকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই যাদের সহযোগিতা ও অংশগ্রহণ ছাড়া এই জরিপ সফল হতো না।


আমার আশা, এই জরিপের ফলাফল নীতিনির্ধারক ও কর্মসূচি ব্যবস্থাপকদের জন্য দিকনির্দেশনা হিসেবে কাজ করবে, যাতে তারা স্বাস্থ্য খাতকে শক্তিশালী করে বাংলাদেশের জনগণের কল্যাণ নিশ্চিত করতে পারেন।

মোস্তফা আশরাফুজ্জামান

ঢাকা
নভেম্বর ২০২৫

CHAPTER 1

INTRODUCTION



অধ্যায় ০১: প্রারম্ভিকা
CHAPTER 01: INTRODUCTION

১.১ পটভূমি

দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠাকাল থেকেই বিভিন্ন সেক্টরের নির্ভরযোগ্য পরিসংখ্যানিক তথ্য সংগ্রহ ও প্রচার করে থাকে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনের লক্ষ্যে জাতীয় অঙ্গীকার এবং বিভিন্ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে, বিবিএস প্রমাণভিত্তিক বিশ্লেষণমূলক পরিসংখ্যান প্রস্তুতের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে, যা কার্যকর নীতিমালা প্রণয়নে সহায়ক ভুমিকা পালন করবে।

বিবিএস-এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং জনসংখ্যা, স্বাস্থ্য, পুষ্টি এবং আর্থ-সামাজিক বিভিন্ন সূচকের নির্ভরযোগ্য তথ্য প্রণয়ন করে থাকে। এই উইং ভাইটাল স্ট্যাটিসটিক্স সংক্রান্ত শুমারি মধ্যবর্তী জরিপ এবং স্বাস্থ্য, অসুস্থতা ও পুষ্টি বিষয়ে বিশেষায়িত বিভিন্ন জরিপ পরিচালনা করে থাকে। এছাড়া, অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য জেন্ডার ভিত্তিক পরিসংখ্যানও সংকলন করে থাকে। এ উইং এর কাজ হলো জনমিতিক, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন করে প্রমাণভিত্তিক নীতি প্রণয়ন ও জাতীয় ও বৈশ্বিক লক্ষ্য অর্জনে অগ্রগতি পর্যবেক্ষণে সহায়তা করা।

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক 'বাংলাদেশের জনতাত্ত্বিক ও স্বাস্থ্য পরিসংখ্যান উন্নতকরণ' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত। এ প্রকল্পের অধীনে তিনটি বড় জরিপ পরিচালিত হচ্ছে:

i. Health and Morbidity Status Survey (HMSS),
ii. National Survey on Elderly Population in Bangladesh and
iii. Survey on Accidental Injuries in Bangladesh.

উল্লেখিত জরিপগুলোর মধ্যে, Health and Morbidity Status Survey (HMSS) ২০২৫ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। এই জরিপের উদ্দেশ্য হচ্ছে স্বাস্থ্য ও অসুস্থতা সূচকগুলোর হালনাগাদ এবং সঠিক তথ্য প্রদান করা।

1.1 BACKGROUND

The Bangladesh Bureau of Statistics (BBS), as the National Statistical Office (NSO), has been responsible for collecting and disseminating reliable statistical data across various sectors since its establishment. In line with the different plans and the national commitments to achieve the Sustainable Development Goals (SDGs), BBS has been undertaking many initiatives to generate evidence-based insights that support effective policy implementation.

Demography and Health wing of BBS is responsible for producing reliable data on population, health, nutrition, and socioeconomic indicators. It conducts inter-censal surveys on vital events and specialized surveys on health, morbidity, and nutrition. The wing also compiles gender statistics to support inclusive development. Its work supports by generating statistics on Demographic, Health and Nutrition for evidence-based policy making and progress tracking for national and global goals.

Demography and Health Wing of BBS has undertaken a project titled 'Improving Demographic and Health Statistics of Bangladesh', approved by the Planning Commission. Under this project, three major surveys are being conducted:

i. Health and Morbidity Status Survey (HMSS),
ii. National Survey on Elderly Population in Bangladesh and
iii. Survey on Accidental Injuries in Bangladesh.

Among these, the Health and Morbidity Status Survey (HMSS) 2025 has already been completed, aiming to provide updated and accurate information on selected health and morbidity indicators.

বাংলাদেশের স্বাস্থ্যসংক্রান্ত পরিসংখ্যান প্রণয়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রধান ভূমিকা পালন করে থাকে। এ ক্ষেত্রে অন্যতম প্রধান উদ্যোগ ছিল Health and Demographic Survey Project (HDSP), যা ১৯৯৪ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত বাস্তবায়িত হয়েছিল, যার উদ্দেশ্য ছিল দেশের স্বাস্থ্য ও জনমিতিক চিত্র তুলে ধরা। এ প্রকল্পের মাধ্যমে উর্বরতা, মৃত্যুহার, অসুস্থতা, প্রতিবন্ধিতা, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার, চিকিৎসা গ্রহণের ধরণ এবং স্বাস্থ্য ব্যয়ের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়। সঠিক ও হালনাগাদ তথ্যের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে, বিবিএস ২০০০, ২০১২ এবং ২০১৪ সালে পুনরায় জরিপ পরিচালনা করে, যা নীতি কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে স্বাস্থ্যখাতের উদীয়মান চাহিদা পূরণে সহায়ক ভুমিকা রাখে। এ জরিপগুলো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর সাথে সম্পর্কিত কার্যক্রম যেমন স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাত কর্মসূচি (HNPSP)-এ গুরুত্বপূর্ণ অবদান রাখে।

এই ধারাবাহিকতায়, Health and Morbidity Status Survey (HMSS) ২০২৫ আরও বিস্তৃত ও কৌশলগত দিকের প্রতি লক্ষ্য রেখে পরিচালনা করা হয়েছে। এবারের HMSS ২০২৫ স্বাস্থ্য-সংক্রান্ত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-এর অগ্রগতি পর্যবেক্ষণে বিশেষ গুরুত্ব দিয়েছে। বিদ্যমান তথ্যের ঘাটতি দূর করতে এবং বিস্তারিতভাবে স্বাস্থ্য-পরিসংখ্যান প্রণয়ন করে, এ জরিপ প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যকর নীতি প্রণয়নে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে। একইসাথে এ জরিপ, স্বাস্থ্য খাতের সঠিক ও সময়োগযোগী পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণে জাতীয় স্বাস্থ্য তথ্য-ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে সঠিক ও হালনাগাদ তথ্য সরবরাহ করে ভূমিকা রাখবে।

১.২ যৌক্তিকতা

বাংলাদেশ সরকার স্বাস্থ্যখাতের উন্নয়ন এবং রোগের প্রকোপ হ্রাসের উপর বিশেষ গুরুত্বারোপের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছে। এই প্রতিশ্রুতির আলোকে Health and Morbidity Status Survey (HMSS) ২০২৫ ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে, যার জরিপের উদ্দেশ্য হচ্ছে প্রমাণভিত্তিক নীতি

Bangladesh Bureau of Statistics (BBS) has played a key role in generating health-related Statistics through various national surveys. One of the major initiatives in this regard was the Health and Demographic Survey Project (HDSP), implemented from 1994 to 1998, which aimed to understand the country's health and demographic profile. This project involved comprehensive data collection on critical issues such as fertility, mortality, morbidity, disability, contraceptive use, treatment-seeking behavior, and healthcare expenditures. Recognizing the importance of updated data for effective health planning, BBS subsequently conducted follow-up surveys in 2000, 2012, and 2014 to align with evolving policy frameworks and address the emerging needs of the health sector. These surveys were instrumental in supporting the Ministry of Health and Family Welfare and were linked with national programs like the Health, Nutrition, and Population Sector Programme (HNPSP).

The Health and Morbidity Status Survey (HMSS) 2025 continues this important legacy with a broader and more strategic focus. Unlike previous surveys, HMSS 2025 places specific emphasis on monitoring the progress of health-related Sustainable Development Goal (SDG) indicators. By addressing existing data gaps and generating robust, disaggregated health statistics, this survey aims to provide essential evidence for informed decision-making and effective policy formulation. It also serves to strengthen the national health information system, ensuring that health sector planning and interventions are grounded in accurate and up-to-date data.

1.2 RATIONALE

The government of Bangladesh continues to prioritize the achievement of Sustainable Development Goals (SDGs), with particular emphasis on improving national health outcomes and reducing disease burdens. In alignment with this commitment, the Health and Morbidity Status Survey (HMSS) 2025 has been undertaken to provide reliable, disaggregated, and up-to-date

প্রণয়নের জন্য স্বাস্থ্য ও অসুস্থতা সূচকগুলোর হালনাগাদ এবং সঠিক তথ্য প্রদান করা।

বাংলাদেশে স্বাস্থ্যখাত সংস্কারে দীর্ঘ ইতিহাস রয়েছে, যা ১৯৯৮ সালে শুরু হওয়া Sector-Wide Approach (SWAp) এর মাধ্যমে পর্যায়ক্রমে বাস্তবায়িত হয়েছে। এর আওতায় HPSP (1998–2003), HNPSP (2003–2011) এবং HPNSDP (2011–2016) কার্যক্রম চালু করা হয়। এসব কর্মসূচি বাংলাদেশের সংবিধান, Vision 2041, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং জাতীয় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি নীতিসহ সরকারের সামগ্রিক উন্নয়ন দর্শনের প্রতিফলন ঘটায়।

তবে, অতীতের অর্জন সত্ত্বেও, সংক্রামক রোগ, মাতৃ ও শিশুর স্বাস্থ্য এবং তামাক ব্যবহার ও সড়ক দুর্ঘটনার মতো অসংক্রামক স্বাস্থ্যঝুঁকির ক্ষেত্রে এখনও বিভিন্ন দুর্বলতা রয়ে গেছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় এবং স্বাস্থ্য-সম্পর্কিত SDG সূচক যেমন-
৩.৩.২: প্রতি ১ লাখ জনসংখ্যায় যক্ষ্মা আক্রান্তের হার;
৩.৩.৩: প্রতি ১ হাজার জনসংখ্যায় ম্যালেরিয়া আক্রান্তের হার;
৩.৩.৪: প্রতি ১ লাখ জনসংখ্যায় হেপাটাইটিস বি আক্রান্তের হার;
৩.এ.১: ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনগোষ্ঠীর মধ্যে তামাকের প্রাদুর্ভাব পর্যবেক্ষনের জন্য HMSS 2025 পরিচালনা করা হয়।

জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বৈজ্ঞানিকভাবে স্বীকৃত পদ্ধতির মাধ্যমে খানাভিত্তিক জরিপ পরিচালনা করে এ ধরনের তথ্য প্রণয়নে দক্ষ ও দায়িত্বপ্রাপ্ত। এই সূচকগুলোর তত্ত্বাবধায়ক সংস্থা হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিওএইচও) যারা বিভিন্ন স্বাস্থ্য সম্পর্কিত সূচকের তত্ত্বধায়ক সংস্থা, তাদের গাইডলাইনের আলোকে বিবিএস এই জরিপ পরিচালনা করেছে, যাতে জাতীয় তথ্য ব্যবস্থা আরও শক্তিশালী হয় এবং SDG সূচকগুলোর অগ্রগতি কার্যকরভাবে পর্যবেক্ষণ করা যায়।

১৯৯৪-২০০০, ২০১২ এবং ২০১৪ সালে পরিচালিত স্বাস্থ্য ও জনমিতি জরিপগুলোর ফলাফল বাংলাদেশের স্বাস্থ্য অবস্থা পর্যকেক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ২০১৪ সালের পর এ ধরনের জরিপ পরিচালিত না হওয়ায়, একটি তথ্যের শূন্যতা তৈরি হয় এবং আরেকটি বিস্তারিত জরিপ পরিচালনা করা অপরিহার্য হয়ে পড়ে। এ শূন্যতা পূরণের লক্ষ্য

data on key health indicators critical for evidence-based policy making.

Bangladesh has a long history of health sector reform through the Sector-Wide Approach (SWAp), initiated in 1998 and implemented in phases under HPSP (1998–2003), HNPSP (2003–2011), and HPNSDP (2011–2016). These programs reflect the government's broader development vision, including the Constitution of Bangladesh, Vision 2041, the Eighth Five-Year Plan, and national health, population, and nutrition policies.

Despite past achievements, health-related vulnerabilities persist-particularly in the areas of communicable diseases, maternal and child health, and non-communicable health risks such as tobacco use and road injuries. HMSS 2025 is designed to monitor specific health indicators, including SDG indicators:
3.3.2: Tuberculosis incidence per 100,000 population
3.3.3: Malaria incidence per 1,000 population
3.3.4: Hepatitis B incidence per 100,000 population
3.a.1: Age-standardized prevalence of tobacco use among persons aged 15 years and older.

As the National Statistical Office (NSO), the Bangladesh Bureau of Statistics (BBS) is mandated and well-equipped to generate such data through scientifically designed household surveys. In line with the guidance of the World Health Organization (WHO) the custodian agency for many of these indicators. BBS is implementing HMSS 2025 to strengthen the national data system and monitor SDG progress effectively.

The findings from previous health and demographic surveys such as in 1994–2000, 2012, and 2014 have significantly contributed to understanding health trends in Bangladesh. As no such survey has been conducted since 2014, a notable data gap has emerged. Therefore, conducting another comprehensive survey has become imperative.

নিয়ে, HMSS 2025 জরিপে স্বাস্থ্য ও অসুস্থতার ধরন, রোগের প্রাদুর্ভাব, চিকিৎসা গ্রহণের ধরন, ব্যক্তিগত স্বাস্থ্যব্যয়, মাতৃ ও প্রজনন স্বাস্থ্য, তামাক ও মাদক ব্যবহার এবং শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা হয়েছে।

অগ্রগতি পর্যবেক্ষণ, নতুন চ্যালেঞ্জ সনাক্তকরণ এবং ভবিষ্যৎ কৌশল প্রণয়ন করার ক্ষেত্রে এ ধরনের জরিপ নিয়মিত ও ধারাবাহিকভাবে পরিচালনা করা অপরিহার্য। HMSS 2025 হবে এক মৌলিক হাতিয়ার, যা স্বাস্থ্য খাত সম্পর্কিত তথ্যের বেজলাইন তৈরি করা, অগ্রগতি পর্যালোচনা করা এবং স্বাস্থ্য খাত সম্পর্কিত জাতীয় লক্ষ্যগুলোকে আন্তর্জাতিক লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য করতে সহায়ক হবে। এতে প্রাপ্ত তথ্য নীতিনির্ধারণ, সম্পদ বণ্টন এবং বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে, যার মাধ্যমে 'Health for All' অর্জনের লক্ষ্য এবং বাংলাদেশের জাতীয় ও বৈশ্বিক অঙ্গীকার বাস্তবায়িত হবে।

১.৩ উদ্দেশ্য

হেলথ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটারস সার্ভে (HMSS)-২০২৫ এর প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশের জনগোষ্ঠীর বর্তমান স্বাস্থ্য ও অসুস্থতার পরিস্থিতি মূল্যায়ন ও পর্যবেক্ষণ করা। এই মূল্যায়ন জাতীয় উন্নয়ন পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs)-র মতো বৈশ্বিক স্বাস্থ্য অঙ্গীকারের সঙ্গে সামঞ্জস্য রেখে জাতীয় স্বাস্থ্য নীতি ও কর্মসূচি গঠন, মূল্যায়ন এবং উন্নয়নে সহায়তা করবে।

জরিপের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

- বিভিন্ন বয়স গ্রুপের মানুষের মধ্যে (শিশু, কিশোর, যুবক, প্রজনন বয়সী নারী (১৫-৪৯ বছর), কর্মক্ষম বয়সী জনসংখ্যা ও বয়স্ক জনগোষ্ঠী) বর্তমান অসুস্থতার অবস্থা নির্ণয় করা;
- জনসংখ্যায় সংক্রামক ও অসংক্রামক উভয় রোগের প্রাদুর্ভাব ও বিস্তার মূল্যায়ন করা;
- স্বাস্থ্যসেবা গ্রহণের চিত্র, জনগোষ্ঠীর মধ্যে চিকিৎসা প্রাপ্তির ধরণ এবং স্বাস্থ্যব্যয় বিশ্লেষণ করা;
- শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা ও অক্ষমতার প্রাদুর্ভাব বুঝা;

